# ঈশ্বর সর্বদা তাঁর প্রতিশ্রুতি রক্ষা করেছেন

# পুরাতন নিয়মের ঐতিহাসিক পুস্তক সমূহ


যারা ছোটদের শিক্ষা দেন তাদের অবশ্যই অধ্যয়ণ H3b পাঠ করা উচিত।

**১. ঐতিহাসিক পুস্তকগুলি শিক্ষা দেবার জন্য প্রার্থনা এবং বাক্য সহ প্রস্তুত হন।**


**প্রার্থনা ঃ** ''ঈশ্বর পিতা, অতীতে যুগ যুগ ধরে তুমি তোমার লোকদের প্রতি বিশ্বস্ত থেকেছো। আমার মেষগণ এবং আমাকে এবং আমাদের পর আমাদের সন্তানদেরও তোমার ওপর আস্থা রাখতেসাহায্য কর।''

নিম্নলিখিত সংখ্যার তালিকাটি নির্দেশ করে, মশীহ যীশুর জন্মের পূর্বে এই পুস্তকগুলোতে কত বছরের ঘটনাবলী অন্তর্ভূক্ত করা হয়েছে। প্রতিটি পুস্তকের পরিচিত পদগুলো দেখুন, নতুন নিয়মে কিভাবে প্রতিটি ঐতিহাসিক পুস্তকগুলোর বিষয় উল্লেখ করা হয়েছে, তা পাঠ করুন।

## ঐতিহাসিক পুস্তকের সময় সারণী




**১৪০৬-১৩৮৩ যিহোশূয়।** কনান বিজয়ের পথে যিহোশূয় ইস্রায়েলীয়দের নেতৃত্ব দিয়েছিলেন। **১ঃ৭** দেখুন। যখন তারা সম্পূর্ণরূপে ঈশ্বরের বাধ্য হয়েছিল তখনই তারা শত্রুদের উপর বিজয়ী হতে সমর্থ হয়েছিল। **ইব্রীয় ১১ঃ৩১** পদে অন্বেষণ করুন, নতুননিয়ম কিভাবে যিহোশূয় ৬ঃ২২-২৫ থেকে রাহবের গল্পকে উক্ত করে।



**যিরীহোর প্রাচীর ভাঙতে শুরু করেছে।** যিহোশূয় ৬ঃ১৫-২০ দেখুন।

**১৩৮৬-১০৪৫।** দীর্ঘ ৩০০ বছর ধরে ঈশ্বরের প্রতি ইস্রায়েলীয়দের অবাধ্যতার সময়ে স্থানীয় নেতৃবৃন্দ, বীররা এবং স্বাধীনতা প্রদান কারীরাই ছিল বিচারকর্তৃগণ। বিচারকর্তৃগণের বিবরণ ১৬ঃ৬। বিচার কর্তৃগণের বিবরণ ১৪ঃ৫-৬ তে উল্লিখিত শিমশোনকে **ইব্রীয় ১১ঃ৩৩** অংশে অন্বেষণ করুন।

**১১০০। রূত,** একজন বিদেশী যিনি ঈশ্বরের বাধ্য হয়েছিলেন। বোয়সকে বিবাহ করেছিলেন এবং রাজা দায়ুদ ও পবিত্র যীশুর পূর্বপুরুষ হয়েছিলেন। রূতের বিবরণ **১ঃ১৬** অংশ দেখুন। **মথি ১ঃ৫** পদে বোয়স ও রুতের নাম অন্বেষণ করুন।

**১১০০-১০১০। ১ শমূয়েল,** শমূয়েল ভাববাদীর নের্তৃত্ব, রাজা পৌলের ও পতন, এবং দায়ুদের উত্থানের ঘটনাবলীর পুণঃবর্ণনা করে। **১৫ঃ২২ দেখুন।** ১ শমূয়েল ১৩ঃ১৪ পদে উল্লেখিত দায়ুদ সম্বন্ধে প্রভুর উক্তিকে **প্রেরিত ১৩ঃ২২** পদে অন্বেষণ করুন।

**১০১০-৯৭০। ২ শমূয়েল,** রাজা দায়ুদের বহু বিজয়ের ঘটনা, তাঁর পাপসমূহ এবং ব্যর্থতা এবং তাঁর রাজনৈতিক সমস্যা সমূহ প্রভৃতিকে লিপিবদ্ধ করেছে। ২ শমূয়েল ৭ঃ৯ পদ দেখুন। **২ শমূয়েল ৭ঃ৮** ও ১৪ পদগুলিতে ঈশ্বর দায়ুদের বংশধরদের জন্য যে প্রতিজ্ঞা করেছিলেন তা, **২য় করিন্থীয় ৬ঃ১৮** পদে আমাদের জন্যও যে প্রযোজ্য তা অন্বেষণ করুন।

**১০১১-৯৭০। ১ বংশাবলি** রাজা দায়ুদের রাজত্বের ঘটনাকে পুনর্ব্যক্ত করেছে। **১ বংশাবলি ৪ঃ১০** দেখুন। ১ বংশাবলি ১৭ঃ১১ এবং ১৩ পদগুলিতে দায়ুদের সাথে যে প্রতিজ্ঞা করা হয়েছিল, তা যে যীশুকেই বোঝান হয়েছে, তা **ইব্রীয় ১ঃ৫** পদে অন্বেষণ করুন।

**৯৭০-৫৩৮। ২ বংশাবলি,** ইস্রায়েল ও যিহুদার সমস্ত রাজাদের বিবরণ, শলোমনের রাজ্যাভিষেক থেকে, যিহুদার পতন সহ পারস্য রাজের দ্বারা ৫৩৮ অব্দে যেরুশালেমের প্রাচীর পুনঃনির্মানের আদেশ জারী পর্যন্ত বর্ণনা করে। **২ বংশাবলি ১৩ঃ১০। মথি ২৩ঃ৩৫** পদে যীশু কর্তৃক ২ বংশাবলি ২৪ঃ২০-২১ পদগুলিকে পুনরুক্তির বাক্যগুলি অন্বেষণ করুন।

**৯৭০-৮৫৩। ১ রাজাবলি,** রাজা শলোমনের রাজত্ব, উত্তরে ইস্রায়েল এবং দক্ষিণে যিহুদা এই দুই ভাগে ইস্রায়েলের বিভক্ততা, এবং এলিয় ভাববাদীর কর্ম বিবরণী লিপিবদ্ধ করেছে। **১ম রাজাবলি ৩ঃ৯** পদ দেখুন। **রোমীয় ১১ঃ৩ ও ৪ পদে,** ১ম রাজাবলী ১৯ঃ১০,১৪ ও ১৮ পদগুলি থেকে করা উক্তির অন্বেষণ করুন।

**৮৫৩-৫৬১। ২ রাজা** ইলিশায় ভাববাদীর কর্ম বিবরণী এবং ইস্রায়েল ও যিহুদা রাজ্যের ধার্মিক ও দুষ্ট রাজাদের রাজত্বের বিবরণ লিপিবদ্ধ করেছে। **২ রাজা ১৯ঃ১৫** পদ দেখুন। ৭২২ খ্রীঃপূঃ, ইস্রায়েলের অশূরীয় বন্দিত্ব এবং ৫৬১ খ্রীঃপূ যিহুদীর বাবিলনীয় বন্দিত্ব ঘটে। **লূক ৪ঃ২৭** পদে উল্লেখিত ২ রাজাবলি ৫ঃ১-২৭ অংশ থেকে সিরিয় ব্যক্তির ইলিশায়ের প্রতি বাধ্যতার কারণে সুস্থতার ঘটনাটিকে অন্বেষণ করুন।

**৫৩৮-৫১৬** এবং ৪৫৮-৪৫৭। **ইস্রা,** যিহুদীদের বন্দিত্ব থেকে সরুবাব্বিলের মাধ্যমে প্রথম ও ইস্রার মাধ্যমে দ্বিতীয় দলের, প্রতিজ্ঞাত প্রত্যাবর্তনকে লিপিবদ্ধ করেছে। **ইস্রা ৩ঃ১১** পদ দেখুন। **লূক ২১ঃ২৪** অংশে অবিশ্বাসের কারনে কি শাস্তি হতে পারে তা বর্ণনা করতে গিয়ে যীশু কিভাবে ইস্রা ৯ঃ৭ পদকে ব্যবহার করেছেন। তা অন্বেষণ করুন।

৪৮৩-৪৭৩। **ইষ্টের,** রাণী ইষ্টের। যিনি ব্যবিলনীয় রাজার একজন যিহুদী পত্নী ছিলেন, তিনি কিভাবে রাজার সাক্ষাতে ক্ষমতায় বৃদ্ধি প্রাপ্তা হয়ে, বন্দী যিহুদীদের, তাদের শত্রুদের দ্বারা সমূলে ধ্বংস হবার হাত থেকে নিস্তার করেছিলেন তার বিবরণ লিপিবদ্ধ করেছেন। **ইষ্টের ৪ঃ১৪** পদ দেখুন। মূর্খ রাজা হেরোদ কিভাবে, ইষ্টের ৫ঃ৩,৬ অংশে উল্লিখিত উক্তিগুলি ব্যবহার করেছেন তা **মথি ৬ঃ২৩** বর্ণনা করে।

৪৪৪-৪২৫। **নহিমিয়,** বাবিলনীয় রাজা অর্তক্ষস্তের আদেশ বলে, নগরের দেওয়ালের পুনঃনির্মাণের জন্য নহিমিয়ের মাধ্যমে অন্যান্য বন্দিদের যিরূশালেমে ফিরে আসার ঘটনাকে লিপিবদ্ধ করেছে। **নহিমিয় ৮ঃ১০** পদ দেখুন। যীশুর নিজের প্রতি নহিমিয় ৯ঃ১৫ পদের ব্যবহারকে **যোহন ৬ঃ৩১** অংশে অন্বেষণ করুন।

**২. আগামী সপ্তাহের জন্য সহকর্মীদের সাথে কর্ম পরিকল্পনা করুন।**

তাদের বাইবেল থেকে ঐতিহাসিক পুস্তকগুলির নাম ও প্রধান বিষয়গুলি খুঁজে পেতে ও শিক্ষা করতে, আপনার শিক্ষার্থীদের সাহায্য করুন।

যিহোশূয়, রূত, গিদীয়োন, শিমশোন, দায়ুদ, শলোমন, এলিয়, ইলিশায় এবং নহিমিয় সহ অন্যান্য বাইবেলের বীরগণকে, ঐতিহাসিক পুস্তক থেকে খুঁজুন। এর মধ্যে কিছু ঘটনাকে, যখন আপনি আপনার দলের সদস্য ও সদস্যাদের পরিদর্শন করবেন, তখন তাদের বলুন।

**৩. আগামী আরাধনার সম্পর্কে, সহকর্মীদের সাথে পরিকল্পনা করুন।**

ভাগ দুইয়ের অন্তর্ভূক্ত বাইবেল থেকে প্রস্তুত যে কোনও একটি গল্পকে বলুন অথবা অভিনয় করে দেখান।

ছোটরা যা কিছু প্রস্তুত করেছে তা করে দেখাতে দিন।

প্রভুর মেজকে পরিচিতিকরণের জন্য ১শমূয়েল ১৫ঃ২২ পাঠ করুন। ব্যাখ্যা করুন যে পুরাতন নিয়মে বর্ণিত পশুবলি খ্রীষ্টের বলিদানের বিষয়েই ভবিষ্যত বাণী করত। প্রভুর ভোজের মতই যদি লোকেরা তা, অনুতপ্ত হৃদয় ব্যতীত এবং বিশ্বাসহীন রীতি হিসাবে পালন করত , তবে তার কোনও মূল্য থাকত না।

ছোট ছোট দুই অথবা তিনটি দল তৈরী করে অসুস্থদের জন্য, নিকটবর্তী সেই সব লোকদের জন্য যাদের খ্রীষ্টকে প্রয়োজন আছে এবং মণ্ডলীর নেতৃবৃন্দের জন্য প্রার্থনা করুন।

যিহোশূয় ১ঃ৭ পদ মুখস্থ করুন।

| **বিচারকর্তৃগণের পুস্তক থেকে, বিচারকর্তৃগণের সময়ের ঘটনাবলী ও বিচারকর্তৃগণ।** | **বছর** |
|---|---|
| ইস্রায়েল রাজা কূশন রিশিয়াথয়িমের দাসত্ব করছিল ৩ঃ৭-৮ | ৮ |
| অৎনিয়েলের দ্বারা নিস্তার সাধন এবং শান্তি। ৩ঃ৭-১১ | ৪০ |
| ইস্রায়েলের মোয়াবীয়দের কাছে দাসত্ব ৩ঃ১২ | ১৮ |
| এহূদ দ্বারা নিস্তার সাধন এবং শান্তি। ৩ঃ১২-৩০ | ৮০ |
| শম্‌গর পলেষ্টীয়দের হাত থেকে ইস্রায়েলে নিস্তার সাধন করেন। ৩ঃ৩১ | ১ |
| ইস্রায়েলের কনানীয় দাসত্ব। ৪ঃ১-৩ | ২০ |
| দবোরা ও বারক কর্তৃক নিস্তার সাধন ও শান্তি। ৪ঃ১-৫ঃ৩ | ৪০ |
| ইস্রায়েলের রাজা অবীমেলক। ৯ঃ১-৫৭ | ৩ |
| তোলয়ের বিবরণ। ১০ঃ১-২ | ২৩ |
| যায়ীরের বিবরণ। ১০ঃ৩-৫ | ২২ |
| ইস্রায়েলীয়দের পলেষ্টীয় এবং অম্মোনীয় দাসত্ব। ১০ঃ৮-১০ | ১৮ |
| যিপ্তহের কর্মজীবন ১০ঃ৮-১২ঃ৭ | ৬ |
| ইব্‌সনের কর্মজীবন। ১২ঃ৪-১০ | ৭ |
| এলোনের কর্মজীবন। ১২ঃ১১-১২ | ১০ |
| অব্দোনের কর্মজীবন। ১২ঃ১৩-১৫ | ৮ |
| ইস্রায়েলের পলেষ্টীয়দের কাছে দাসত্ব। ১৩ঃ১ | ৪০ |
| শিম্‌শোনের কর্মজীবন। ১৩ঃ১-১৬ঃ৩১ | ২০ |
| নেলসনের বাইবেল মানচিত্রের সম্পূর্ণ পুস্তক থেকে গৃহীত, কপিরাইট ১৯৯৩, থোমাস নেলসন | |

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net